

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাজেট শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


মাঠ পর্যায়ের কার্যক্রম ই-মনিটরিং রিপোর্ট

১. ই-মনিটরিং এর তারিখ : ২৮/০৫/২০২৩ খ্রি:।
২. ই-মনিটরিং এ অংশগ্রহণকারী কর্মকর্তার নাম ও পদবী : পাপিয়া ঘোষ  
সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩. ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম : “নারীর আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে বসতবাড়িতে কৃষি ভিত্তিক প্রশিক্ষণ” শীর্ষক কর্মসূচি।
৪. ই-মনিটরিং এ অংশগ্রহণকৃত অফিস/প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী : জনাব শাকিল মাহমুদ, কো-অর্ডিনেটর, আফহার উদ্দিন, মোর্শেদুল আলম চৌধুরী, সুইটি খাতুন এবং নীলা খাতুন, প্রশিক্ষক।
৫. ই-মনিটরিং এ পরিদর্শনকৃত/পরিদর্শিত বিষয়সমূহ : বসতবাড়িতে কৃষি ভিত্তিক প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠান।

অদ্য ২৮/০৫/২০২৩ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলা মিলনায়তনে গজারিয়া উপজেলা সদরের ৫০ জন, ইমামপুর ইউনিয়নের ষোলআনি গ্রামের ৯৭ জন, প্রধানের চর গ্রামের ৫০ জন সহ মোট ১৯৭ জন প্রশিক্ষণার্থী, ৪ জন প্রশিক্ষক, ১ জন কো-অর্ডিনেটর এবং বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধিসহ মোট ২০৪ জন উপস্থিত ছিলেন। এছাড়া মুন্সিগঞ্জ জেলার গজারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: আবদুল্লাহ আল মাহফুজ এবং গজারিয়া উপজেলার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সাদিয়া আফরিন উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে উপস্থিত প্রশিক্ষণার্থীদের সাথে কথা বলে জানা যায় বসতবাড়িতে কৃষিভিত্তিক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পেরে তারা খুব আনন্দ প্রকাশ করেছে। এতে প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ গ্রহণ করে বেশ উপকৃত হবে বলে জানিয়েছে।

৬. সুপারিশ/মন্তব্যঃ

- (ক) প্রশিক্ষণার্থীদের সঠিকভাবে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণভাতা যথাযথভাবে প্রদানের সুপারিশ করা হয়;
- (খ) প্রশিক্ষণার্থীদের হাজিরা খাতা সংরক্ষণ ও যথাযথভাবে নাস্তা বিতরণের সুপারিশ করা হয়;
- (গ) প্রশিক্ষণার্থীদের জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর ডাটাবেইজ করার জন্য সুপারিশ করা হয়; এবং
- (ঘ) আর্থিক বিধিবিধান অনুসরণপূর্বক কর্মসূচির অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য কর্মসূচি পরিচালক ও বাস্তবায়নকারী সংস্থাকে অনুরোধ করা হয়।

  
26/05/2023  
পাপিয়া ঘোষ  
সিনিয়র সহকারী সচিব  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

